গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
সাধারণ শাখা
www.barisaldiv.gov.bd

## "টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs)" বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: রায়হান কাওছার, বিভাগীয় কমিশনার, বরিশাল। |
| তারিখ ও সময় | : | ২৫ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ; বেলা: ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর সম্মেলন কক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত বরিশাল বিভাগীয় কমিটির সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (এসডিজি) ২০৩০ সালের মধ্যে অর্জন নিশ্চিতকল্পে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে সকল সরকারি দপ্তর, বেসরকারি সংস্থা এবং ব্যক্তি খাতে পরিচালিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য সকল সদস্যকে অনুরোধ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ: | গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং সভায় কার্যবিবরণী সংক্রান্ত কারো কোন মন্তব্য আছে কি না জানতে চাওয়া হয়। কোন মন্তব্য না থাকায় বর্ণিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। | গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল |
| ০২ | এসডিজির ১৭ টি অভীষ্ট নিয়ে আলোচনা | সভাপতি এসডিজির ১৭ টি অভীষ্ট নিয়ে বিস্তারিত আলোচনা এবং অভীষ্টসমূহের সাথে সম্পৃক্ত দপ্তরসমূহের কার্যক্রম নিয়ে আলোকপাত করেন। এছাড়াও বিভিন্ন দপ্তরের আওতাধীন অভীষ্ট, লক্ষ্যমাত্রা এবং সূচকসমূহ বাস্তবায়নে সচেষ্ট থাকার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | বিভিন্ন দপ্তরের সাথে সম্পৃক্ত এসডিজির অভীষ্ট, লক্ষ্যমাত্রা এবং সূচকসমূহ যথাযথভাবে নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়ন করতে হবে। | দপ্তর প্রধান (সকল), বরিশাল বিভাগ ও জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ |
| ০৩ | এসডিজির গৃহীত ৩৯টি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার কর্মপরিকল্পনা তৈরী ও বাস্তবায়ন | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল সভায় অবহিত করেন, এসডিজির ১৭টি অভীষ্টের অন্তর্গত সূচকসমূহের মধ্যে মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত ৩৯টি লক্ষ্যমাত্রা অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত উক্ত ৩৯টি লক্ষ্যমাত্রার মধ্যে জেলা-উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরের সাথে সম্পৃক্ত লক্ষ্যমাত্রাসমূহের বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত উক্ত ৩৯টি লক্ষ্যমাত্রার মধ্যে জেলা-উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরের সাথে সম্পৃক্ত লক্ষ্যমাত্রাসমূহের বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন করতে হবে।<br>(খ) ৩৯টি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নিয়মিতভাবে প্রেরণ করতে হবে। | দপ্তর প্রধান (সকল), বরিশাল বিভাগ ও জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | জেলা পর্যায়ে নিজস্বভাবে গৃহীত ০১টি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার কর্মপরিকল্পনা তৈরী ও বাস্তবায়ন | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল বলেন, জেলা পর্যায়ে ০১টি সূচক স্থানীয় লক্ষ্যমাত্রা হিসেবে গ্রহণপূর্বক জেলা ভিত্তিক উক্ত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন কর্মপরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করবেন এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের তাদের সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করার বিষয় আলোচনা হয়। | (ক) সকল জেলায় স্থানীয় পর্যায়ে গৃহীত অতিরিক্ত ০১টি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার কর্মপরিকল্পনা তৈরী ও বাস্তবায়ন করতে হবে।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসারগণকে তাদের সংশ্লিষ্ট অতিরিক্ত ০১টি লক্ষ্যমাত্রা অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করতে হবে। | জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ |
| ০৫ | জেলা ও উপজেলা কমিটি গঠন এবং সভা অনুষ্ঠান | বরিশাল বিভাগের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি গঠনপূর্বক নিয়মিত সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন, উপজেলা পর্যায়ে নিয়মিত সভা আয়োজন করে সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ে এবং জেলা পর্যায়ের সভার কার্যবিবরণী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করার বিষয় আলোচনা করা হয়। | সকল জেলা ও উপজেলায় টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (এসডিজি) বাস্তবায়ন সংক্রান্ত কমিটির নিয়মিত সভা আয়োজন করতে হবে এবং কার্যবিবরণী যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ |

এসডিজি লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সরকারের অগ্রাধিকার প্রকল্প ও উদ্যোগসমূহ যথাযথভাবে নির্ধারিত সময়ে বাস্তবায়ন করার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০২/২০২৫

মোঃ রায়হান কাওছার
বিভাগীয় কমিশনার
বরিশাল
ফোন: ৬৫০৩৮-০২৪৭৮৮
ই-মেইল: divcombarisal@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.০০০০.০০০০.০০৩.৪১.০০০১.২৪. ৬৬

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩১ / ২৭ ফেব্রুয়ারি ২০২৫

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রধান উপদেষ্টার এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। উপপুলিশ মহাপরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল।
০৫। পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।
০৬। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল গণপূর্ত জোন, বরিশাল।
০৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, বরিশাল জোন, বরিশাল।
০৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বরিশাল।
১০। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
১১। উপ-মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বরিশাল রেঞ্জ, বরিশাল।
১২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।

১৩। পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
১৪। পরিচালক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
১৫। জেলা প্রশাসক, বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি।
১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
১৭। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
১৮। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল।
১৯। কর কমিশনার, কর অঞ্চল, বরিশাল।
২০। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।
২১। পরিচালক, পরিবার পরিকল্পনা, বরিশাল বিভাগ, বরিশাল।
২২। বন সংরক্ষক, কোস্টাল সার্কেল, বরিশাল।
২৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল সার্কেল, বরিশাল।
২৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ওজোপাডিকোলিঃ, বরিশাল।
২৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল সার্কেল, বরিশাল।
২৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), বরিশাল।
২৭। পরিচালক, প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
২৮। পরিচালক, বরিশাল টেলিযোগাযোগ অঞ্চল, বিটিসিএল, চাঁদমারী, বরিশাল।
২৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), বরিশাল ও খুলনা।
৩০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ, বরিশাল।
৩১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, বরিশাল।
৩২। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল।
৩৩। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
৩৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
৩৫। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
৩৬। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।
৩৭। উপপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), বরিশাল।
৩৮। উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট অফিস, বরিশাল।
৩৯। উপপরিচালক, কৃষি বিপনন অধিদপ্তর, বরিশাল।
৪০। যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, বরিশাল।
৪১। সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান অফিস, বরিশাল।
৪২। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ, বরিশাল।
৪৩। সভাপতি, বরিশাল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, বরিশাল।
৪৪। ব্যবস্থাপনা পরিচালক, অমৃত লাল ফুড প্রোডাক্ট, বরিশাল।
৪৫। নির্বাহী পরিচালক, সেইন্ট বাংলাদেশ, বরিশাল।
৪৬। নির্বাহী পরিচালক, আভাস, বরিশাল।
৪৭। নির্বাহী পরিচালক, শুভ, বরিশাল।
৪৮। সাধারণ সম্পাদক, বাংলাদেশ দলিত ও বঞ্চিত জনগোষ্ঠি অধিকার আন্দোলন (বিডিইআরএম), কেন্দ্রীয় কমিটি।
৪৯। নারী বিষয়ক সম্পাদক, বাংলাদেশ দলিত ও বঞ্চিত জনগোষ্ঠি অধিকার আন্দোলন (বিডিইআরএম), বরিশাল।
৫০। ------------------------------------------------------------------------------
৫১। অফিস কপি।

Islam
29/02/2৫

শাহ মোঃ রফিকুল ইসলাম
পরিচালক (উপসচিব)
বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর
বরিশাল এবং
সদস্য সচিব
টেকসই উন্নয়ন অভিষ্টসমূহ বাস্তবায়ন ও
সমন্বয় সম্পর্কিত বিভাগীয় কমিটি।